



তথ্যবিবরণী

নম্বর: ৫৩

ময়মনসিংহের মুক্তাগাছায় শেখ রাসেল মিনি স্টেডিয়ামের ফলক স্থাপন ও মতবিনিময় সভা অনুষ্ঠিত

মুক্তাগাছা, শনিবার ২১ অক্টোবর ২০২৩ খ্রি.

ময়মনসিংহ জেলার মুক্তাগাছার নন্দিবাড়ি এলাকায় নির্মিয়মান শেখ রাসেল মিনি স্টেডিয়ামের ফলক শনিবার (২১ অক্টোবর) স্থাপন করেছেন সংস্কৃতি প্রতিমন্ত্রী কে এম খালিদ। দেশের প্রতিটি উপজেলায় একটি স্টেডিয়াম নির্মাণে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঘোষণা অনুযায়ী উপজেলা পর্যায়ে শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় এ স্টেডিয়াম নির্মিত হচ্ছে। জাতীয় ক্রীড়া পরিষদ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এ প্রকল্প বাস্তবায়ন করছে।

প্রকল্পের আওতায় দেশের ৪৯০ উপজেলায় স্টেডিয়াম নির্মাণের কাজ প্রাথমিকভাবে শুরু করা হয়। এর অনেকগুলোর কাজ শেষ হয়েছে এবং অনেকগুলোর কাজ চলমান।

ফলক স্থাপনের আগে স্টেডিয়াম মাঠে এ উপলক্ষ্যে আয়োজিত এক মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করেন সংস্কৃতি প্রতিমন্ত্রী। তিনি বলেন, উপজেলা পর্যায়ে মুক্তাগাছা স্টেডিয়ামের মতো এরকম দৃষ্টিনন্দন একটি স্টেডিয়াম খুব কম জায়গাতেই আছে। অচিরেই মাননীয় প্রধানমন্ত্রী প্রথম পর্যায়ের দেশের প্রায় ২০০ শেখ রাসেল মিনি স্টেডিয়াম উদ্বোধন করবেন। উদ্বোধনের দিন মুক্তাগাছায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হবে বলেও এ সময় জানান তিনি।

প্রতিমন্ত্রী বলেন, দুর্গাপূজা যেন ভালোভাবে, উৎসাহ-উদ্দীপনার সাথে পালিত হয় সেজন্য সর্বস্তরের সার্বিক সহযোগিতা রয়েছে। তিনি বলেন, আসন্ন জাতীয় নির্বাচনে মুক্তাগাছায় আওয়ামী লীগকে জয়ী করতে মুক্তাগাছার প্রতিটি ওয়ার্ডে দলীয় নেতাকর্মীদের কাজ করতে হবে। সবাই মিলে কাজ করলে উপজেলার সবকটি ওয়ার্ডে আওয়ামীলীগ জয়লাভ করবে। তিনি আরও বলেন আওয়ামী লীগ ক্ষমতায় না এলে স্টেডিয়াম থাকবে না, অত্যাচারে জর্জরিত হতে হবে। তাই আওয়ামী লীগকে বিজয়ী করতে হবে।

মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন মুক্তাগাছা উপজেলা নির্বাহী অফিসার এ কে এম লুৎফর রহমান। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মুক্তাগাছা পৌরসভার মেয়র মোঃ বিল্লাল হোসেন সরকার, বাংলাদেশ আওয়ামী লীগ, মুক্তাগাছা উপজেলা শাখার সিনিয়র সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা আজিজুল হক ইনু, মুক্তাগাছা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মোঃ আরব আলী এবং মহিলা ভাইস চেয়ারম্যান মুর্শিদা আক্তার কাকলী। অনুষ্ঠানে উপজেলার কর্মকর্তাগণ, স্থানীয় নেতৃবৃন্দ, সমর্থক ও গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

#

রিদওয়ান/দেওয়ান/হুদা/মনির/রেজভী/ ২০২৩/১৪.৩০ ঘণ্টা



তথ্যবিবরণী

নম্বর: ৫৪

ময়মনসিংহে জাতীয় নিরাপদ সড়ক দিবস ২০২৩- উদযাপিত

ময়মনসিংহ (রবিবার, ২২ অক্টোবর ২০২৩ খ্রি.)

“আইন মেনে সড়কে চলি, স্মার্ট বাংলাদেশ গড়ে তুলি” এই প্রতিপাদ্য সামনে রেখে ২২ অক্টোবর ২০২৩ তারিখে ময়মনসিংহে জাতীয় নিরাপদ সড়ক দিবস উদযাপিত হয়। বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ) ময়মনসিংহ বিভাগীয় ও সার্কেল অফিসের আয়োজনে এবং জেলা প্রশাসনের সার্বিক সহযোগিতায় এ দিবস পালিত হয়।

যথাযোগ্যভাবে এই দিবস পালনের লক্ষ্যে সকাল ৯:৩০ ঘটিকায় জেলা প্রশাসক কার্যালয় প্রাঙ্গণ হতে এক বর্ণাঢ্য র্যালি এবং পরে টাউন হল তারেক স্মৃতি অডিটোরিয়ামে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় বিআরটিএ ময়মনসিংহ সার্কেলের সহকারী পরিচালক (ইঞ্জিঃ) এ এস এম ওয়াজেদ হোসেন তার স্বাগত বক্তব্যে বলেন, পেশাদার গাড়িচালকদের দক্ষতা ও সচেতনতা বৃদ্ধির জন্য এই প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়েছে। দুর্ঘটনায় নিহত ও আহত পরিবারকে সাহায্য সহযোগিতায় ট্রাস্টি বোর্ড গঠন করা হয়েছে। সিভিল সার্জনের নেতৃত্বে মেডিকেল টিম ও মোবাইল কোর্টের মাধ্যমে নিরাপদ গাড়ি চালানোর সিস্টেম চালু করা হয়েছে।

প্রধান অতিথির বক্তৃতায় জেলা প্রশাসক মোঃ মোস্তাফিজার রহমান বলেন, কাগজপত্র ছাড়া এবং যান্ত্রিক ত্রুটিযুক্ত, ফিটনেস বিহীন ও পারমিট ছাড়া গাড়ি রাস্তায় চালানো যাবেনা। গাড়ি চালানোকালে ইয়ারফোন বা মোবাইল ফোনে কথা বলা যাবে না। জেরা ক্রসিং, ফুটওভার ব্রিজ ও আন্ডার পাস দিয়ে রাস্তা পারাপার হতে হবে। তিনি আরো বলেন, নাগরিকদের দায়িত্বশীল হতে, নিরাপদ জীবন গড়তে, ট্রাফিক আইন মেনে চলতে হবে।

বিআরটিএর বিভাগীয় কার্যালয় ময়মনসিংহ সার্কেলের উপপরিচালক (ইঞ্জিঃ) সৈয়দ মেজবাহ উদ্দিন এর সভাপতিত্বে আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মাহফুজুল আলম মাসুম, অতিরিক্ত পুলিশ সুপার শামীম আহমেদ, সড়ক ও জনপদ অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী এ কিউ এম সাদ্দাম হোসেন, ফায়ার সার্ভিসের উপপরিচালক মোঃ মোফাজ্জেল হোসেন, জেলা শিক্ষা অফিসার মহসিনা খাতুন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপপরিচালক খোরশেদ আলম, ময়মনসিংহ নিরাপদ সড়ক চাই সংগঠনের সভাপতি আব্দুল কাদের মোল্লা, বিভিন্ন পরিবহন শ্রমিক ও মালিক সংগঠন, শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী ও শিক্ষকবৃন্দ, সরকারি বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার গণমাধ্যম কর্মীরা।

আলোচনা সভার পরে পেশাজীবী গাড়িচালকদের প্রশিক্ষণ কর্মশালারও আয়োজন করা হয় এবং রেজিস্ট্রেশন গ্রহণ করা হয়। দিবসটি উপলক্ষ্যে এদিন সন্ধ্যায় টাউন হলে সড়ক নিরাপত্তামূলক আলোকচিত্র প্রদর্শিত হবে।

হদা/দেওয়ান/রিদওয়ান/মনির/রেজভী/ ২০২৩/১৩.০০ ঘণ্টা

